


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল প্রয়াত বীর মুক্তিযোদ্ধার পোষ্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সদয় নির্দেশনা অনুযায়ী শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য প্রয়াত বীর মুক্তিযোদ্ধাদের সমাধীস্থল সংরক্ষণ ও উন্নয়নের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে।

এমতাবস্থায়, রাজবাড়ী সদর উপজেলার সকল ইউনিয়নের প্রয়াত বীর মুক্তিযোদ্ধার পোষ্যগণকে আগামী ১৯/০৭/২০২৩ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নির্ধারিত ফরমে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।



(মার্জিয়া সুলতানা)

পরিচিতি নং- ২০৬২১

উপজেলা নির্বাহী অফিসার

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

টেলিফোন নং-০২৭৭৮৮০৭৪৭৩

মোবাইল নং-০১৭৩৩-৩৩৬৪০৪

ই-মেইল- unorajbari@mopa.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়ন (১ম পর্যায়) (১ম সংশোধিত)
মাহবুব প্রাজা (৮ম তলা), ২১/এ তোপখানা রোড, ঢাকা-১০০০।

স্মারক নং- মুবিম/পিডি/সমাধি/২০২৩-২৪/০৩

তারিখঃ ০৩/০৭/২০২৩ খ্রি:

বিষয়ঃ শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য প্রয়াত বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়নের জন্য তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ অত্রাফিসের স্মারক নং- মুবিম/পিডি/সমাধি/বা-০০১/২০২২-২৩/০১, তারিখঃ ২৫/০৪/২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক মোতাবেক ১৫,০০০ সমাধি নির্মাণের জন্য উপজেলা পর্যায় থেকে সঠিক তথ্য সংগ্রহের লক্ষ্যে “১৪ কলামের নমুনা ছক” অনুযায়ী তালিকা স্বাক্ষরপূর্বক সরাসরি প্রকল্প পরিচালক বরাবর ই-মেইল (somadhinirman@gmail.com) যোগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু দুঃখের বিষয়, এখনও বেশ কিছু উপজেলা থেকে তালিকা পাওয়া যায়নি। অথচ, ৩০ জুন, ২০২৪ তারিখে এ প্রকল্পের মেয়াদ শেষ হবে।

এমতাবস্থায়, যে সকল উপজেলা হতে এখনও শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য প্রয়াত বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়নের জন্য তালিকা প্রেরণ করা হয়নি, আগামী ২০/০৭/২০২৩ তারিখের মধ্যে ১৪ কলামের ছক অনুযায়ী তালিকা সরাসরি প্রকল্প পরিচালক বরাবর ই-মেইল (somadhinirman@gmail.com) যোগে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উক্ত সময়ের মধ্যে তালিকা প্রেরণে ব্যর্থ হলে প্রকল্প কার্যালয় দায়ী থাকবে না।

এম হদ্বিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল
সংরক্ষণ ও উন্নয়ন (১ম পর্যায়) (১ম সংশোধিত)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নং- মুবিম/পিডি/সমাধি/২০২৩-২৪/০৩

তারিখঃ ০৩/০৭/২০২৩ খ্রি:

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১) বিভাগীয় কমিশনার (সকল)।
- ০২) জেলা প্রশাসক (সকল)।
- ০৩) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৪) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৫) সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬) উপসচিব (বাজেট/পরিকল্পনা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮) প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (PIO) (সকল)।
- ০৯) অফিস কপি।

এম হদ্বিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)